

## বৃষ্টিতে

ধূসর নদীর জলে বৃষ্টি এল, ছুটির সকালে।  
কতদূর কলকাতা! এই শান্ত সময়কে ছিঁড়ে  
মেঘঢাকা ছায়াফেলা দ্বীপ থেকে সামান্যই দূরে  
তিনশো কিলোমিটারের পথ আজ কুয়াশা ঢেকেছে।

কুয়াশার অন্য পারে তুমি আছ। অচির-প্রবাস  
থেকে তবু মনে হয় এ-দূরত্ব কীভাবে পেরোব!  
অন্ধকার গাঢ় হয়, আরও ঘন বৃষ্টির সকাল  
নদীর অস্পষ্ট জলে চুপিসারে নেমে যায় ধীরে।

তাহলে নদীর সঙ্গে কথা বলি। বৃষ্টির ইমানে  
ধরা থাক নিঃশব্দের না-বলা অনেক অভিমান;  
হয়তো কুয়াশা ভেঙে কলকাতা কাছে এসে যাবে  
তার আগে নদী ও তোমার কাছে স্নান শিখে নেব।

সব্যসাচী দেব

